রংপুর-৩ আসনে ‘ধানের শীষে’ লড়বেন রিটা রহমান

রংপুর-৩ আসনের উপনির্বাচনে ২০ দলীয় জোটের শরিক বাংলাদেশ পিপলস পার্টির চেয়ারম্যান রিটা রহমান বিএনপির ‘ধানের শীষ’ প্রতীকে লড়বেন।

রোববার রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ তথ্য জানান।

এ আসন থেকে বিএনপির চারজনসহ মোট ৫ জন মনোনয়ন প্রত্যাশা করেছিলেন। শনিবার বিএনপির সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম এ বিষয়ে চূড়ান্ত বৈঠক করে। বৈঠক শেষে রোববার রিজভী জানান, রংপুর-৩ আসনে বিএনপির ‘ধানের শীষ’ প্রতীক নিয়ে নির্বাচন করবেন রিটা রহমান।

রংপুর-৩ আসনের সংসদ সদস্য ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ গত ১৪ জুলাই মারা যাওয়ায় আসনটি শূন্য হয়। নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ৫ অক্টোবর রংপুর-৩ আসনের উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে।